তারিখ 25 SEP 2016
পৃষ্ঠা 2 কলাম 2

দৈনিক
আমাদের সময়

# ঢাবির শামসুন্নাহার হলে বিতর্ক প্রতিযোগিতা শুরু

বিশ্ববিদ্যালয় প্রতিবেদক ● ঢাকা বিশ্ববিদ্যালয়ের ঐতিহ্যবাহী শামসুন্নাহার হলে শুরু হয়েছে বিশ্ববিদ্যালয়, কলেজ ও স্কুল পর্যায়ের নারী বিতর্ক প্রতিযোগিতা। গতকাল হলের অডিটোরিয়ামে এর আনুষ্ঠানিক উদ্বোধন করা হয়। এ প্রতিযোগিতায় বিশ্ববিদ্যালয় পর্যায়ে ৩২টি, কলেজ পর্যায়ে ১৬টি ও স্কুল পর্যায়ে ১৬টি নারী বিতার্কিক দল অংশগ্রহণ করছে। সর্বমোট ৬৪টি দল নিয়ে অনুষ্ঠিত এ বৃহৎ প্রতিযোগিতার ফাইনাল রাউন্ড অনুষ্ঠিত হবে আগামী ৬ অক্টোবর। বর্ণাঢ্য এক অনুষ্ঠানের মাধ্যমে বিজয়ীদের পুরস্কৃত করা হবে। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক। বিশেষ অতিথি হিসেবে থাকবেন বিশিষ্ট কথাসাহিত্যিক সেলিনা হোসেন। অনুষ্ঠানে সভাপতিত্ব করবেন শামসুন্নাহার হল ডিবেটিং ক্লাবের সভাপতি সানজিদা বিন আলম ও সঞ্চালনায় থাকবেন ক্লাবের সাধারণ সম্পাদক নিপু ইসলাম তন্বী। অনুষ্ঠানে মিডিয়া পার্টনার হিসেবে রয়েছে দৈনিক আমাদের সময়।